## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রাত লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

**চক্রবর্ত্তী সাইকেল ষ্টোর**

সাইকেল, টায়ার, টিউব, হ্যাসাগ, গ্রামোফোন প্রভৃতি পার্টস্ বিক্রেতা ও মেরামতকারক। নির্দ্ধারিত সময়ে সাইকেল সরবরাহ করা হয়।

রঘুনাথগঞ্জ মেছুয়াবাজার (কদমতলা)

৪১শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৫ই আশ্বিন বুধবার ১৩৬১ ইংরাজী 22nd Sept. 1954 | ১৯শ সংখ্যা



সকল ঘরের তরে...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২.

C. P. SERVICE

**অগ্রগতির পথে নূতন পদক্ষেপ**

হিন্দুস্থান তাহার যাত্রাপথে প্রতি বৎসর নূতন নূতন সাফল্য, শক্তি ও সমৃদ্ধির গৌরবে দ্রুত অগ্রসর হইয়া চলিয়াছে।

নূতন বীমা (১৯৫৩)

**১৮ কোটি ৮৭ লক্ষের উপর**

হিন্দুস্থানের উপর জনসাধারণের অবিচলিত আস্থার উজ্জ্বল নিদর্শন।

ভারতীয় জীবন বীমার ক্ষেত্রে

পূর্ব্ব বৎসর অপেক্ষা **২ কোটি ৪২ লক্ষ বৃদ্ধি**

সমসাময়িক তুলনায় সর্ব্বাধিক

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,

হিন্দুস্থান বিল্ডিংস্, কলিকাতা—১৩

শাখা অফিস : ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৫ই আশ্বিন বুধবার সন ১৩৬১ সাল।

# জঙ্গিপুর মহকুমার উচ্চ বিদ্যালয় সমূহের কলঙ্ক

জঙ্গিপুর মহকুমায় (১) জঙ্গিপুর (২) রঘুনাথগঞ্জ (৩) নিমতিতা (৪) কাঞ্চনতলা (৫) নয়ানসুক (৬) ছাবঘাটী (৭) ফতুল্লাপুর (৮) বাড়ালা (৯) মির্জ্জাপুর (১০) মোড়গ্রাম (১১) সাগরদীঘি (১২) জঙ্গিপুর হাই মাদ্রাসা এই বারটী উচ্চ বিদ্যালয় আছে। মুর্শিদাবাদ জেলার শাসক মহোদয় মুর্শিদাবাদ জেলা আন্তর্বিদ্যালয় ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠানের সভাপতি। জঙ্গিপুর মহকুমার ও অন্যান্য মহকুমার শাসক মহোদয়গণ স্ব স্ব শাসনাধীন মহকুমার আন্তর্বিদ্যালয় প্রতিযোগিতা অনুষ্ঠান সমিতির সভাপতি। রঘুনাথগঞ্জ হাই স্কুলের প্রধান শিক্ষক শ্রীশরদিন্দুভূষণ পাণ্ডে এবং জঙ্গিপুর হাই স্কুলের শিক্ষক শ্রীসিদ্ধেশ্বর ঘোষাল মহোদয়দ্বয় জঙ্গিপুর মহকুমা আন্তর্বিদ্যালয় ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠান সমিতির যুগ্ম সম্পাদক। শ্রীপাণ্ডে মহাশয় রঘুনাথগঞ্জ হইতে প্রকাশিত নির্দ্দলীয় সাপ্তাহিক পত্রিকা "ভারতী" পত্রিকার অন্যতম সম্পাদক। শ্রীপাণ্ডে মহাশয় মহকুমার আন্তর্বিদ্যালয় ফুটবল প্রতিযোগিতা ব্যাপারের সমস্তই অবগত আছেন। তাঁহাদের নির্দ্দলীয় ভারতী পত্রিকায় গত ৯ই সেপ্টেম্বর যাহা প্রকাশ করিয়াছেন তাহা অবিকল নিম্নে প্রদত্ত হইল—

## "আন্তঃবিদ্যালয় ফুটবল প্রতিযোগিতা

### রঘুনাথগঞ্জ স্কুলের মহকুমা চ্যাম্পিয়নশীপ লাভ

গত ৪ঠা সেপ্টেম্বর শনিবার এ বৎসরের জঙ্গীপুর মহকুমা আন্তঃবিদ্যালয় ফুটবল প্রতিযোগিতার ফাইনাল খেলায় রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয় ১—০ গোলে জঙ্গীপুর উচ্চ বিদ্যালয়কে পরাজিত করিয়া উপর্য্যুপরি তৃতীয় বারের জন্য মহকুমা চ্যাম্পিয়নশীপ লাভ করিয়াছে। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে, রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয় গত ১৯৫২ সালে জেলা চ্যাম্পিয়নশীপ ও ১৯৫৩ সালে জেলা রাণার্স-আপ লাভ করিয়াছিল। —ষ্টাফ"

আবার পর সপ্তাহে অর্থাৎ ১৬ই সেপ্টেম্বর উক্ত নির্দ্দলীয় ভারতী পত্রিকাতেই যাহা প্রকাশিত হইয়াছে তাহাও নিম্নে অবিকল প্রদত্ত হইল—

### "জঙ্গীপুর মহকুমা আন্তঃবিদ্যালয়

## ফুটবল প্রতিযোগিতা বাতিল

বিশ্বস্তসূত্রে প্রাপ্ত এক সংবাদে প্রকাশ যে যোগদানকারী কয়েকটী দল জেলা আই-এস-এস-এ কর্তৃক রচিত নিয়মানুযায়ী গঠিত না হওয়ায় এবং প্রতিযোগিতা পরিচালনায় ত্রুটি বিচ্যুতি ঘটায় স্থানীয় আই-এস-এস-এ কমিটির ১৪ই সেপ্টেম্বর অনুষ্ঠিত এক সভায় এই বৎসরের এই মহকুমা টুর্ণামেণ্ট বাতিল করিয়া একটী সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। ফলে জঙ্গীপুর মহকুমাকে বাদ দিয়াই এবার জেলা প্রতিযোগিতা অনুষ্ঠিত হইবে। —নিজস্ব"

### "রাবণ রামের সীতা করিল হরণ।
### বিনা দোষে সমুদ্রের হইল বন্ধন॥"

যে স্কুলের বা যে যে স্কুলের যে যে কর্ত্তা খেলাতেও দুর্নীতি অবলম্বন করিয়া সমস্ত মহকুমার স্কুল সমূহের কলঙ্কের কারণ হইলেন, তাঁহারা নিশ্চয়ই আত্মপ্রকাশ করিয়া অনুতপ্ত হইবেন না। সাধু ও সৎ প্রধান শিক্ষকগণের স্ব স্ব বিদ্যালয়ের এই কলঙ্ক নীরবে সহ্য না করিয়া এক সভায় মিলিত হইয়া অপরাধী বিদ্যালয় বা বিদ্যালয়গুলির নাম প্রকাশ করিয়া সত্যের মর্য্যাদা রক্ষা করা উচিত। নতুবা বিনা দোষে ইংরাজ রাজত্বে চলিত পাইকারী জরিমানা দিয়া অপরাধীর শ্রেণীভুক্ত হইয়াই থাকিবেন।

যে স্বাধীন সরকারের দ্যোতক মন্ত্রই হইল—
"সত্যমেব জয়তি" (সত্যমেব জয়তে)

পবিত্র শিক্ষাপ্রতিষ্ঠানে এই মিথ্যার বেসাতী চলিতে দেওয়া মাননীয় জেলা-শাসক ও মহকুমা-শাসকগণের মর্য্যাদা হানিকর।

পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক নিযুক্ত মধ্যশিক্ষা কমিশন মাধ্যমিক স্কুলসমূহের মর্য্যাদা নির্ণয়ের জন্য সর্ব্বসাধারণের সহযোগিতা কামনা করিয়াছেন। গত ১৫ই সেপ্টেম্বর তৎসম্বন্ধে স্মরণ-লিপি তাঁহাদের কার্য্যালয়ে পাঠাইবার শেষ দিন গিয়াছে। সাধারণের দ্বারা প্রেরিত স্মরণ-লিপি হয়তো গৃহীত না হইতে পারে, কিন্তু রাজপুরুষগণ কর্তৃক প্রেরিত কাগজাদি নিশ্চয় অগ্রাহ্য হইবে না। আমরা সংশ্লিষ্ট শাসক রাজপুরুষগণ ও অপাপবিদ্ধ সাধু প্রধান শিক্ষকগণকে সানুনয়ে অনুরোধ করি—যাহাতে খেলার ব্যাপারেও জাল জালিয়তকারী ব্যক্তিগণ সমস্ত মহকুমার উচ্চ বিদ্যালয়সমূহকে কলঙ্কিত করিয়া বুক ফুলাইয়া উচ্চ শিরে বেদাগ থাকিয়া আর স্পর্দ্ধা প্রদর্শন করিতে না পারে, তাঁহারা তাহার ব্যবস্থা করুন।

সর্পদষ্ট বিষাক্ত অঙ্গুলির মমতা করিলে সমস্ত দেহে বিষক্রিয়া জন্য মৃত্যু অবশ্যম্ভাবী। আমরা মহকুমা শিক্ষক সমিতির সভাপতি শ্রীমদনমোহন বন্দ্যোপাধ্যায় ও সমিতির সেক্রেটারী শ্রীশরদিন্দুভূষণ পাণ্ডে মহাশয়দ্বয়কে এ বিষয়ে উদ্যোগী হইতে অনুরোধ করি।

---

## তামাকু তত্ত্ব

—•—

ফ্রান্সের এক রাসায়নিক—
নাম ডাক্তার রেম
"ম্যাটিন" কাগজে লিখেন—
তামাকের কি প্রেম—
তামাক বড় ভাল জিনিস,
ভারী উপকারী,
হজমকারক, সরলভেদী
আহা মরি মরি!
তামাক অনেক দুষ্ট
বীজাণুনাশক,
তামাক তাড়ায় বহু
রোগ সংক্রামক।
এই হলো ডাক্তারের কথা,
মোদের কথা শুন—
সচরাচর যেটা মোরা
দেখছি পুনঃ পুনঃ।

তামাক এ বাঙলা দেশে
অভ্যর্থনাকারী,
তামাক না দিলে লোকে
দেয় টিটকারী।
নিমন্ত্রণে গেলে পর
তামাক আগে দেয়—
তারপরে খাও চর্ব্ব-
চোষ্য-লেহ্য-পেয়।
আহারান্তে পান খেয়ে
আবার তামাক,
তা না হ'লে ফাঁপে পেট
হয় না পরিপাক।
গয়া, কাশী, বিষ্ণুপুরে
তামাক মজাদার,
ফৌজদারী বালাখানার
তামাক চমৎকার।
গড়গড়া সটকাতে টানো
খটকা দূরে যাবে,
নেহাৎপক্ষে ডাবা হুঁকো
তাতেও আরাম পাবে।
তামাকের গন্ধে লোক
জুটবে আশে পাশে,
একটিবার তোমার ঐ
প্রসাদ পাবার আশে।
পিতৃমাতৃ শ্রাদ্ধ কিম্বা
কন্যা সম্প্রদান,
অনাহারে করতে হয়
শাস্ত্রের বিধান।
শাস্ত্রের এ ব্যবস্থা তো
হিন্দু মাত্রেই জানে;
হুঁকো নিয়ে ভুরুক ভুরুক
গুরুক কিন্তু টানে।
মহাত্মাজীর কামনা
ছুঁৎ মার্গ পরিহার,
গুড়ুকখোরে হুকুম তামিল
করেছে তাঁহার।
তামাকেই থেকে গেছে
তাঁহার সম্মান—
এক কল্কী নিয়ে টানে
হিন্দু মুসলমান।
আমরা খাই তামাক সেজে
সাহেব চুরুট টানে,
চুরুটে হয় দাঁত শক্ত,
অনেকে তা জানে।
অনেক সুফল এই
তামাকেতে ফলে,
চক্ষুরোগ সেরে যায়
হুঁকোর বাসি জলে।
হুঁকো নাহি টানে
হেন আছে বহু জন,
নস্যরূপে করে ঘ্রাণে
অর্দ্ধেক ভোজন।
এমন গৃহিণী আছে
বহু গৃহ মাঝে
পোড়ায়ে তামাক পাতা
দন্তপাতি মাজে।
পর্দ্দার মাঝে কত
জর্দ্দা চলে পানে,
সুরতি খেয়ে কত লোক
ফুর্ত্তি আনে প্রাণে।
দোক্তা পাতা ভিন্ন পোক্তা
হয় না গাঁজার নেশা,
খৈনী খেয়ে দেশোয়ালী
মৌজমে রহে কে'সা!
শ্মশান বন্ধু মরা পোড়ায়,
চিতার পাশে ব'সে
বিমর্ষ বদনে কিন্তু
তামাক টানে কসে।
ধূম পানেতে মনের মধ্যে
আনন্দটা বাড়ে
মুখাগ্নির ব্যবস্থা তাই
করলে শাস্ত্রকারে!

---

## পরলোকে মতিলাল সাহা

জঙ্গিপুর বয়েজ লাইব্রেরীর শ্রীকৃষ্ণকিঙ্কর সাহা মহাশয়ের পিতৃদেব মতিলাল সাহা মহাশয় গত ২রা আশ্বিন পরলোকগমন করিয়াছেন। তাঁহার বয়স ৭৮ বৎসর হইয়াছিল। আমরা তাঁহার শোকসন্তপ্ত আত্মীয়-স্বজনের শোকে সমবেদনা প্রকাশ করিয়া পরলোকগত আত্মার সদ্গতি কামনা করি।

## পরলোকে সুকবি যতীন্দ্রনাথ

বাংলা দেশের অন্যতম শ্রেষ্ঠ কবি যতীন্দ্রনাথ সেনগুপ্ত মহাশয় গত ৩১শে ভাদ্র তাঁহার পুত্র হিজলী কলেজের অধ্যাপক শ্রীসুনীলকান্তি সেন গুপ্তের গৃহে নশ্বর মানবদেহ পরিত্যাগ করিয়াছেন। তাঁহার স্থান পূরণ হইবার নহে। আমরা তাঁহার শোক-সন্তপ্ত স্বজনগণের শোকে সমবেদনা প্রকাশ করিতেছি।

## পরলোকগমন

গত ২রা আশ্বিন রবিবার রাত্রে জঙ্গিপুরের স্বর্গীয় নীরদবরণ মুখোপাধ্যায় মহাশয়ের পুত্র শঙ্করপদ মুখোপাধ্যায় মহাশয় দুরারোগ্য ক্যানসার রোগে পরলোকগমন করিয়াছেন। তিনি জঙ্গিপুর মিউনিসিপ্যালিটির ট্যাক্স আদায়ের কার্য্য করিতেন। তিনি অনেকগুলি ছোট ছোট ছেলেমেয়ে ও বিধবা স্ত্রী রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার শোকসন্তপ্ত পরিবারবর্গের শোকে সমবেদনা প্রকাশ করিয়া পরলোকগত আত্মার শান্তি কামনা করিতেছি।

## অতিরিক্ত বাস চলাচল

২২শে সেপ্টেম্বর হইতে রাত্রি ৯ ঘটিকায় জঙ্গিপুর হইতে একখানি বাস ছাড়িয়া ১০ ঘটিকায় কৃষ্ণপুর ষ্টেশন পৌছিবে।

## শ্রীমৃগাঙ্গমোহন সুর

পার্লামেণ্টের সদস্য নির্ব্বাচিত

সুরেশচন্দ্র মজুমদারের মৃত্যুতে ভারতীয় পার্লা-মেণ্টে যে আসন শূন্য হইয়াছে, তাহাতে শ্রীমৃগাঙ্গমোহন সুর (কংগ্রেস) নির্ব্বাচিত বলিয়া ঘোষিত হইয়াছে।

রঘুনাথগঞ্জ উচ্চ-বালিকা বিদ্যালয়ের সাহায্যকল্পে

## নাট্যাভিনয়

আগামী ২৮শে ও ২৯শে সেপ্টেম্বর ১৯৫৪, রাত্রি ৭॥০ ঘটিকায় জঙ্গিপুর কলেজ হলে উক্ত বিদ্যালয়ের বর্ত্তমান ও প্রাক্তন ছাত্রীগণ কর্ত্তৃক কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের **রামের সুমতি** অভিনীত হইবে। অভিনয়লব্ধ অর্থ মহকুমার এই একমাত্র উচ্চ বালিকা বিদ্যালয়ের উন্নতিকল্পে ব্যয়িত হইবে। সহৃদয় জনসাধারণের সাহায্য ও সহানুভূতি একান্ত কাম্য।

বিনীত—
উচ্চ বালিকা বিদ্যালয়ের পরিচালকমণ্ডলী

সি. কে. সেনের আর একটি

## অনবদ্য সৃষ্টি

পুষ্পগন্ধে সুরভিত

## ক্যাস্টর অয়েল

বিকশিত কুসুমের স্নিগ্ধ
গন্ধসারে সুবাসিত এই
পরিস্রুত ক্যাস্টর
অয়েল কেশের
সৌন্দর্য্য বর্ধনে
অনুপম।

সি. কে. সেন অ্যাণ্ড কোং লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা ১২

---

## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি

ও

ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১/০ এক টাকা এক আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত